

বরিশাল জেলায় “তথ্য অধিকার আইন, ২০০৯” বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচি

তথ্য অধিকার বাস্তবায়নে জেলা পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে বরিশাল জেলায় “তথ্য অধিকার আইন, ২০০৯” বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি আজ ১৪ নভেম্বর ২০২১ তারিখ বরিশালের সার্কিট সাউস সভাকক্ষে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় তথ্য কমিশনার ডক্টর আবদুল মালেক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশালের বিভাগীয় কমিশনার জনাব মোঃ সাইফুল হাসান বাদল। সভাপতিত্ব করেন বরিশালের ভারপ্রাপ্ত জেলা প্রশাসক জনাব মোঃ শহীদুল ইসলাম। এছাড়া প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন তথ্য কমিশনের পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ) ড. মোঃ আঃ হাকিম এবং সহকারী পরিচালক (হিসাব ও বাজেট) জনাব শাহাদৎ হোসেইন।



বরিশাল জেলায় “তথ্য অধিকার আইন, ২০০৯” বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচিতে উপস্থিত অতিথিবৃন্দ



মাননীয় তথ্য কমিশনার ডক্টর আবদুল মালেক বরিশাল জেলায় “তথ্য অধিকার আইন, ২০০৯” বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন।